**Series ψYZXW** **Set-4**

**Q.P. Code 07**

**Roll No.** ☐☐☐☐☐☐☐☐

Candidates must write the Q.P. Code on the title page of the answer-book.

# বাংলা

# BENGALI

*সময় : 3 ঘন্টা* *সর্বমোট অঙ্ক : 80*

*Time allowed : 3 hours* *Maximum Marks : 80*

- পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **15** ছাপা পৃষ্ঠা রয়েছে।
- প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে। উত্তরপত্রের মুখ্য পাতার ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে।
- পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **16** টি প্রশ্ন আছে।
- **উত্তর শুরু করার আগে ক্রমিক নং (Serial Number) লিখতে হবে।**
- প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে। 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে। এই সময়ে কোনো উত্তর লেখা চলবে না।

- Please check that this question paper contains **15** printed pages.
- Q.P. Code given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **16** questions.
- **Please write down the Serial Number of the question in the answer-book before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the candidates will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

**General Instructions :**

**সাধারণ নির্দেশ :**

1. The question paper contains **15** printed pages.
   প্রশ্নপত্রে **১৫টি** মুদ্রিত পৃষ্ঠা আছে।

2. The question paper contains **16** questions.
   প্রশ্নপত্রে **১৬**টি প্রশ্ন আছে।

3. The question paper is divided into **two** parts.
   প্রশ্নপত্রটি **দুটি** ভাগে বিভক্ত।

| | | |
|---|---|---|
| **PART – A** | : Objective type questions (MCQ) | : **40 marks** |
| **ভাগ – ক** | : নৈর্বক্তিক প্রশ্ন (নির্বাচনমূলক) | : **৪০ নম্বর** |
| **PART – B** | : Descriptive type question | : **40 marks** |
| **ভাগ – খ** | : বর্ণনামূলক প্রশ্ন | : **৪০ নম্বর** |

4. **Part – A** has **three** sections
   **ভাগ – ক**-তে **তিনটি** বিভাগ :

| | | |
|---|---|---|
| **Section – A** | : Reading (Unseen Comprehension) | : **12 Marks** |
| **বিভাগ – ক** | : পঠন (অপঠিত গদ্যাংশের বোধপরীক্ষণ) | : **১২ নম্বর** |
| **Section – B** | : Grammar | : **18 Marks** |
| **বিভাগ – খ** | : ব্যাকরণ | : **১৮ নম্বর** |
| **Section – C** | : Main Course Book & Supplementary Reader | : **10 Marks** |
| **বিভাগ – গ** | : মূল পাঠ্যপুস্তক এবং অতিরিক্ত পাঠ | : **১০ নম্বর** |

5. **Part – B** has **two** sections :
   **ভাগ – খ**-তে **দুটি** বিভাগ :

| | | |
|---|---|---|
| **Section – B1** | : Sepplementary Reader / Non-detailed Text | : **30 Marks** |
| **বিভাগ-খ১** | : অতিরিক্ত পাঠ/নাতি-বিস্তারিত পাঠ | : **৩০ নম্বর** |
| **Section – B2** | : Creative Writing | : **10 Marks** |
| **বিভাগ – খ২** | : সৃজনাত্মক লিখন | : **১০ নম্বর** |

**PART – A : Objective type question (MCQ)** **(40 marks)**

**SECTION – A (READING)**

**(Unseen Comprehension)**

1. নীচের চারটি অনুচ্ছেদ থেকে যে-কোনো **তিনটি (Any three)** অনুচ্ছেদ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো। **(MCQ)** **(3 × 4 = 12)**

(A) আজ থেকে দশ বছর আগেকার কথা। আমি তখন ত্রিশ বছরের যুবক। সরকারি কলেজে জিওগ্রাফি পড়াই। প্রতি বছর ছেলেমেয়ে নিয়ে ফিল্ডস্টাডিতে যাই। সেবারে গিয়েছিলাম রাজগীর। দলে ছিল আটজন ছেলে। দুজন মেয়ে। মেয়েদের মধ্যে ছিল ওই মঞ্জুলা।

শহরের এক প্রান্তে ওই বাড়িটি কলকাতার এক ব্যবসায়ীর। ভদ্রলোক কালেভদ্রে আসেন। বাগান-ঘেরা বিরাট বাড়িটি তালাচাবি দেওয়া পড়ে থাকে। আউটহাউসে থাকে দারোয়ান।

আমাদের আসার খবর পেয়ে দারোয়ান বাড়িটি যথাসম্ভব পরিষ্কার-পরিচ্ছন্ন করে রেখেছিল। বাড়ির পজিশনটিও ভালো। একেবারে বাসস্ট্যাণ্ডের লাগোয়া। কয়েক পা এগুলেই দোকানপাট, হোটেল। কিন্তু এত জমজমাট জায়গায় বাড়িটি, এতদিন এইভাবে খালি-খালি পড়ে আছে কেন জিজ্ঞাসা করতেই দারোয়ান বলল, "হুজুর, এ-বাড়ি কেউ কিনবে না। লোকে বলে এ-বাড়িতে ভূত আছে।"

"ভূত তুমি দেখেছ ?" ছেলেদের সামনে আমি জিজ্ঞাসা করলাম।

দারোয়ান বলল, "না হুজুর, তবে আমি তো ওই বাড়িতে থাকি না। মাঝে-মাঝে দু-চারজন এসে থাকেন। তাঁরা বলেন। একবার মালিক বলেছিলেন বাড়িটা হোটেল করবেন। কিন্তু শেষমুহূর্তে পিছিয়ে যান। এত টাকা খরচ করার পরে যদি শেষে কোনো লোকজন না আসে।"

আমার এক ছাত্র অমল হেসে বলল, "ভালো হবে স্যার, এ-বাড়িতে থাকলে ভূত দেখা যাবে।"

কার্তিক বলল, "আমরা কোনোদিন ভূত দেখিনি স্যার।"

আমি বললাম, "কী মঞ্জুলা, জয়া, ভূতের নাম শুনে তোমাদের ভয় করছে নাকি ?"

**(4 × 1 = 4)**

(I) বক্তা যে বাড়িটির কথা বলেছেন, সেটি ছিল –

- (a) কলকাতা শহরের এক প্রান্তে
- (b) রাজগীর শহরের এক প্রান্তে
- (c) কলকাতা শহরের এক জমজমাট এলাকায়
- (d) রাজগীর শহরের এক নির্জন এলাকায়

(II) বাড়িটিতে যে ভূত আছে, তার প্রত্যক্ষ অভিজ্ঞতা ছিল –

(a) বাড়ির মালিকের

(b) বাড়ির দারোয়ানের

(c) বাড়ির দু-চারজন সাফাই কর্মচারির

(d) বাড়ির দু-চারজন বাসিন্দার

(III) বাড়ির মালিক বাড়িটাকে হোটেল করার কথা ভেবেও পিছিয়ে যান।

কারণ (ক) : বাড়ির মালিক নিজে সেখানে থাকেন না।

কারণ (খ) : বাড়িটা ভয়াবহ বলে দুর্নাম আছে।

(a) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক (b) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল

(c) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক (d) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(IV) 'কালেভদ্রে আসেন' কথাটির অর্থ কোনটি ?

(a) অনেকদিন পর পর আসেন (b) নিয়মিত আসেন

(c) কিছু কালের জন্য আসেন (d) ভদ্রতা করতে আসেন

(B) ...হেলাফেলার যেসব বস্তু লোকশিল্পীদের হাতে পড়ে কীভাবে সুন্দর শিল্পবস্তুতে পরিণত হয়, তার উজ্জ্বল নিদর্শন হল শোলার তৈরি এইসব শিল্পসম্পদ, যা আজও অনন্য গৌরবের অধিকারী। **4 × 1 = 4**

শোলা নামের এই জলজ উদ্ভিদটি গ্রাম-বাংলার জলা-জঙ্গলে, খাল-বিল ও অগভীর পুকুরের ধারে ধারে আপনা থেকেই জন্মায়। কাঁচা অবস্থায় প্রায় সবুজ রঙের এই উদ্ভিদটি যখন পুরুষ্টু আকার ধারণ করে, তখন দেখতে হয় সরু বা মোটা ধরনের লাঠির মতো। মাটির গুণে শোলা মোটা বা সরু যাই হোক না কেন, সবই কিন্তু শিল্পসৃষ্টির কাজে লেগে যায়। জল থেকে কেটে তুলে এনে বাণ্ডিল করে শোলা-শিল্পীদের কাছে বা কলকাতার বিভিন্ন আড়তদারদের কাছে চালান যায়। এক সময়ে শোলা উৎপাদনের এক বড়ো ধরনের স্থান ছিল নদিয়া জেলার বাতের বিল। শোলা শুকিয়ে নিয়ে খুব ধারালো ছুরি দিয়ে ছাল অংশটি ছাড়িয়ে নেবার পর যে সাদা অংশটি পাওয়া যায়, তাই দিয়ে শিল্পীরা নানাবিধ দ্রব্য নির্মাণের কাজ শুরু করেন।

... শোলা শিল্পটির ধারক-বাহক হলেন এদেশেন মালাকার সম্প্রদায়। সম্ভবত একসময়ে মালাকার সম্প্রদায় ফুলের মালা বা পুষ্পসজ্জার কাজে দক্ষ ছিলেন। সে জন্য বাংলার রূপকথার গল্পে মালাকারদের দেখা মেলে, যাঁরা রাজবাড়িতে ফুল ও ফুলের মালা ইত্যাদি জোগান দেবার কাজে নিযুক্ত ছিলেন।

(I) গদ্যাংশটির মূল উদ্দেশ্য কী ?

(a) শোলা-শিল্পের গৌরব বর্ণনা (b) শোলা-শিল্পের প্রয়োজন নির্ধারণ

(c) শোলা-শিল্পের সমস্যা নির্ণয় (d) শোলা-শিল্পের ইতিহাস সন্ধান

(II) শোলার জিনিস বানানোর জন্য প্রথম থেকে যা যা করতে হয়, তার সঠিক ক্রম কোনটি ?

(a) জল থেকে তোলা – ছাল ছাড়ানো – দ্রব্য নির্মাণ – শুকোনো

(b) জল থেকে তোলা – শুকোনো – দ্রব্য নির্মাণ – ছাল ছাড়ানো

(c) জল থেকে তোলা – শুকোনো – ছাল ছাড়ানো – দ্রব্য নির্মাণ

(d) জল থেকে তোলা – ছাল ছাড়ানো – শুকোনো – দ্রব্য নির্মাণ

(III) বাংলার রূপকথার গল্প অনুযায়ী নীচের কোন মন্তব্যটি ঠিক ?

(a) মালাকররা আগে রাজবাড়িতে ফুল ও ফুলের মালা জোগান দিতেন।

(b) মালাকররা কখনও পুষ্পসজ্জার কাজে নিযুক্ত ছিলেন না।

(c) মালাকররা আগে রাজবাড়িতে শোলার দ্রব্য জোগান দিতেন।

(d) মালাকররা কখনও কোনও শিল্প-কর্মে নিযুক্ত ছিলেন না।

(IV) 'নির্মাণ' শব্দটির বিপরীতার্থক শব্দ কোনটি ?

(a) অনির্মাণ (b) বিনির্মাণ (c) সৃজন (d) ধ্বংস

(C) তৃতীয় শ্রেণিতে ইতিহাসের ঘণ্টা। মিস দত্ত ক্লাস নিচ্ছেন। পড়া নেওয়া হয়ে গেছে, এখন পড়া বুঝিয়ে দিচ্ছেন। বই পড়বার সময় তাঁর চোখে চশমা লাগে, এখন চশমা খোলা। দাঁড়িয়ে চকটা হাতে করে নতুন পড়ার ওপরে বক্তৃতা দিচ্ছেন।... **4 × 1 = 4**

ক্লাসে সূচ পড়লে শোনা যায়। দাক্ষিণাত্যের হিন্দু রাজাদের খণ্ডরাজ্যের খুঁটিনাটি কারুর ভালো লাগছে না। কিন্তু তারা ভয়ে চুপ করে বসে আছে। না, সবাই বসে নেই। যারা পড়া পারেনি, তারা দাঁড়িয়ে আছে। যারা একটিও মাত্র দরকারি কথা পাশের মেয়ের সঙ্গে বলতে বাধ্য হয়েছে, কথা বলার শাস্তি পেয়ে তারা দাঁড়িয়ে আছে। সংখ্যা নেহাৎ কম নয়। তৃতীয় শ্রেণির মেয়েরা দাঁড়িয়ে আছে, এ তো সামান্য কথা। ইচ্ছা হলে মিস দত্ত, প্রথম শ্রেণির মেয়েদের পর্যন্ত বেঞ্চির ওপর দাঁড় করিয়ে দেন। এঁর ঘণ্টায় মঞ্জুরও মুখ শুকিয়ে যায়। পড়া বলতে ভুল কখনো হয় না তার, কিন্তু কী জানি কখন মিস দত্তের রাগ দপ করে কী কারণে জ্বলে উঠবে কে জানে ?

পড়া বোঝানো শেষ হতে হতে ঘণ্টা পড়ল। এখন টিফিন। রুমালে চকের হাত মুছে রোষদৃষ্টিতে একবার দাঁড়ানো মেয়েদের দিকে চেয়ে মিস দত্ত চলে গেলেন। হাঁফ ছেড়ে মেয়েরাও বাইরে এল, টিফিনের বাক্স হাতে। কিন্তু অন্যদিনের খোলামেলা ভাব কারুর নেই। কারণ আরও দুটো ৪৫ মিনিটের ক্লাস মিল দত্তের আছে। তিন ঘণ্টা তাঁর ক্লাস একই দিনে।

(I) গদ্যাংশটিতে সরাসরি উল্লেখ করা না হলেও বুঝতে অসুবিধে হয় না যে স্কুলটি –

(a) একটি বালিকা বিদ্যালয়

(b) একটি সহ-শিক্ষা বিদ্যালয়

(c) একটি বয়স্ক মহিলা বিদ্যালয়

(d) একটি প্রতিবন্ধী বিদ্যালয়

(II) মিস দত্তের ক্লাসে মঞ্জুরও মুখ শুকিয়ে যায়।

কারণ (ক) : মঞ্জু পড়াশোনায় ভালো না।

কারণ (খ) : মিস দত্ত কখন কীসে রেগে যান মঞ্জু বুঝতে পারে না।

(a) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(b) কারণ (ক) ভুল কিন্তু (খ) ঠিক

(c) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক

(d) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল

(III) 'মিস দত্ত, প্রথম শ্রেণির মেয়েদের পর্যন্ত বেঞ্চির ওপর দাঁড় করিয়ে দেন।' – উক্তিটি থেকে বোঝা যায় যে

(a) মিস্ দত্ত প্রথম শ্রেণীর মেয়েদের পছন্দ করেন না।

(b) মিস্ দত্ত তৃতীয় শ্রেণীর মেয়েদের পছন্দ করেন না।

(c) মিস্ দত্ত কাউকে ছাড়েন, কাউকে ছাড়েন না।

(d) মিস্ দত্ত ছোটো-বড়ো কাউকেই ছাড়েন না।

(IV) 'সূচ পড়লে শোনা যায়' কথাটার দ্বারা কী বোঝায় ?

(a) চরম বিশৃঙ্খলা

(b) চূড়ান্ত নিস্তব্ধতা

(c) চরম অস্থিরতা

(d) চূড়ান্ত ব্যস্ততা

(D) নলহাটির রেলওয়ে কলোনি। তারই মধ্যে একটি সাধারণ রেলওয়ে কোয়ার্টারে আমরা থাকি।

**4 × 1 = 4**

আমার দিদিমার ভাই কালিপদ সেন নলহাটির হেড সিগন্যালার। মির্জাপুর থেকে তিনিই আমাদের নলহাটিতে নিয়ে এসেছেন। বড়োদের কথাবার্তায় শুনতে পাই যে কলকাতায় আমাদের জন্যে একটা বাড়ি কেনবার চেষ্টা হচ্ছে। বাড়িটি যতদিন না কেনা হয়, ততদিন আমরা নলহাটিতেই থাকব।

কলকাতা সম্বন্ধে একটা মৃদু কৌতূহল থাকলেও নলহাটির ওপর বেশ একটু টানই তখন মনের মধ্যে অনুভব করেছি। মির্জাপুরের মতোই রেল কলোনি। কিন্তু জায়গাটার অন্য আকর্ষণ আছে। মির্জাপুরের কলোনির চারিদিক সমতল কিন্তু নলহাটি রাঙামাটি আর মাকড়া পাথরের দেশ। বড়ো পাহাড় না থাক দিগন্তে চাইলে এখানে যে একটু রুক্ষ মাটির ঢেউ দেখা যায় তাতেই মনটা কেমন অকারণে খুশি হয়ে যায়।

মির্জাপুরের কাঁটাতারে ঘেরা কলোনির তুলনায় নলহাটির কলোনির ভেতরটা অনেক আগোছালো এলোমেলো। সেটাও আমার কাছে একটা আকর্ষণ। বিস্তৃত এলাকার মাঝখানে একজায়গায় দুটি বিরাট প্রায় গায়ে-গায়ে বেড়ে ওঠা পাকুড় গাছ, তার পাশে অযত্নে অবহেলায় প্রায় শুকিয়ে-আসা একটা দিঘি, এখানে সেখানে কাঁটাগাছের ঝোপ আর উইঢিবি, এই পরিবেশে মির্জাপুরের হাসপাতাল কম্পাউণ্ড আর শেঠেদের বাগানবাড়ির পর আমায় যেন আরেক নতুন জগতের সন্ধান দিয়েছে।

(I) বক্তাদের বাসস্থান কোথা থেকে কোথায় বদল হয়েছে ?

(a) মির্জাপুরের বাগানবাড়ি থেকে নলহাটির হাসপাতাল কম্পাউণ্ডে

(b) মির্জাপুরের হাসপাতাল কম্পাউণ্ড থেকে নলহাটির বাগানবাড়িতে

(c) মির্জাপুরের রেলওয়ে কলোনি থেকে নলহাটির কেনা বাড়িতে

(d) মির্জাপুরের রেলওয়ে কলোনি থেকে নলহাটির রেলওয়ে কলোনিতে

(II) বক্তার অতীত, বর্তমান ও ভবিষ্যৎ বসবাসের স্থানগুলির সঠিক ক্রম কোনটি ?

(a) মির্জাপুর – কলকাতা – নলহাটি (b) নলহাটি – মির্জাপুর – কলকাতা

(c) মির্জাপুর – নলহাটি – কলকাতা (d) নলহাটি – কলকাতা – মির্জাপুর

(III) বক্তা নলহাটির প্রতি আকর্ষণ অনুভব করেন সেখানকার -

(a) অগোছালো প্রকৃতির জন্য (b) সমতল ভূমির জন্য

(c) বড়ো বড়ো পাহাড়ের জন্য (d) বাগানবাড়ির জন্য

(IV) 'মির্জাপুর থেকে তিনিই আমাদের নলহাটিতে নিয়ে এসেছেন।' – বাক্যটিকে সাধু ভাষায় রূপান্তরিত করতে হলে 'থেকে' শব্দটির বদলে কোন শব্দটি ব্যবহার করতে হবে ?

(a) থাকিয়া (b) থাকিতে

(c) হইতে (d) হইয়া

## SECTION – B
## (Grammar)

2. সন্ধি-বিষয়ক প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো। (যে কোনো **দশটি**) **1 × 10 = 10**

(I) 'উন্নতি' শব্দটি সন্ধি-বিচ্ছেদ করলে কী হবে ?

(a) উন্ + নতি (b) উম্ + নতি (c) উৎ + নতি (d) উঙ্ + নতি

(II) "ঈষৎ + মাত্র" সন্ধিযুক্ত হলে কী হবে ?

(a) ঈষদ্মাত্র (b) ঈষত্মাত্র (c) ঈষন্মাত্র (d) ঈষন্মাত্র

(III) 'অলঙ্কার' শব্দটিতে কোন দুটি ধ্বনি বা বর্ণের মধ্যে সন্ধি হয়েছে ?

(a) ন্ + ক্ (b) ম্ + ক্ (c) ঙ্ + ক্ (d) ঞ্ + ক্

(IV) নীচের কোন শব্দটিতে স্বর + ব্যঞ্জনধ্বনির সন্ধি হয়েছে ?

(a) দিগঙ্গন (b) উচ্চকিত (c) শুভংকর (d) আচ্ছন্ন

(V) সন্ধির ফলে বর্গের তৃতীয় বর্ণটি বর্গের প্রথম বর্ণে পরিণত হওয়ার দৃষ্টান্ত কোনটি ?

(a) তৎপর (b) দিগ্‌গজ (c) সদ্‌বংশ (d) বাগ্‌ধারা

(VI) 'উজ্জ্বল' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে কী হবে ?

(a) উচ্ + জ্বল (b) উৎ + জ্বল (c) উৎ + জল (d) উজ্ + জল

(VII) খাঁটি বাংলা সন্ধির নিয়মে 'আন্না' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে কী হবে ?

(a) আনো + না (b) আন্ + না (c) আরো + না (d) আর + না

(VIII) 'সন্ন্যাসী' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হবে –

(a) সৎ + ন্যাসী (b) সম্ + ন্যাসী (c) সন্ + ন্যাসী (d) সদ্ + ন্যাসী

(IX) 'চিরঞ্জিৎ' পদটির পূর্বপদের শেষ ধ্বনি বা বর্ণ কোনটি ?

(a) অ (b) ন্ (c) ঞ্ (d) ম্

(X) কোন শব্দটিতে 'ৎ + ন্'-এর সন্ধিবদ্ধ রূপ দেখতে পাই ?

(a) জগন্নাথ (b) দিঙ্‌নাগ (c) চিন্ময় (d) ষন্নবতি

(XI) নীচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধির দৃষ্টান্ত ?

(a) সঞ্চয় (b) পরস্পর (c) বৃষ্টি (d) অলঙ্কার

(XII) 'সন্ধান' শব্দটি সন্ধি-বিচ্ছেদ করলে কী হবে ?

(a) সম্ + ধান (b) সঙ্ + ধান (c) সন্ + ধান (d) সঞ্ + ধান

3. বাক্যের গঠনগত পরিবর্তন সংক্রান্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো। (**যে-কোনো চারটি**) **4 × 1 = 4**

(I) তার দাদা খালিপুরে চাকরি করেন। — বাক্যটিকে **জটিল-বাক্যে** পরিবর্তন করলে হবে

(a) তার দাদা খালিপুর ছাড়া অন্য কোথাও চাকরি করেন না।

(b) তার দাদা এবং তিনি খালিপুরে চাকরি করেন।

(c) তার যিনি দাদা, তিনি খালিপুরে চাকরি করেন।

(d) তার দাদা চাকরি করেন, আর সেটা খালিপুরেই করেন।

(II) আমাকে অনেকেই দেখে, কিন্তু কেউ লক্ষ করে না — বাক্যটিকে **সরল-বাক্যে** পরিবর্তন করলে হবে

(a) আমাকে অনেকে দেখলেও কেউই লক্ষ করে না।

(b) যদিও আমাকে অনেকেই দেখে, তবু কেউ লক্ষ করে না।

(c) আমাকে অনেকেই দেখে, অথচ কেউ লক্ষ করে না।

(d) যারা আমাকে দেখে, তারা আমাকে লক্ষ করে না।

(III) মুখস্থ করার চেষ্টা না করে বোঝার চেষ্টা করো। — বাক্যটিকে **যৌগিক-বাক্যে** পরিবর্তন করলে হবে

(a) মুখস্থ করার চেষ্টা ছেড়ে বোঝার চেষ্টা করো।

(b) মুখস্থ করার চেষ্টার বদলে বোঝার চেষ্টা করো।

(c) চেষ্টা যেটা করবে, সেটা মুখস্থের নয় বোঝার।

(d) মুখস্থ করার চেষ্টা কোরো না, কিন্তু বোঝার চেষ্টা করো।

(IV) নীচের কোন বাক্যটি **জটিল-বাক্য** ?

(a) অসুখ হলে ডাক্তারের নির্দেশ মেনে চলতে হবে।

(b) যদি অসুখ হয়, তবে ডাক্তারের নির্দেশ মেনে চলতে হবে।

(c) অসুখের সময় ডাক্তারের নির্দেশ মেনে চলতে হবে।

(d) যখন অসুখ হবে, ডাক্তারের নির্দেশ মেনে চলতে হবে।

(V) নীচের কোন বাক্যটি **যৌগিক-বাক্য** ?

(a) যেটা পছন্দ, সেটা পেলাম না।

(b) ওটা পছন্দ, কিন্তু পেলাম না।

(c) পছন্দের জিনিসটা পেলাম না।

(d) পছন্দ হলেও সেটা পেলাম না।

4. সাধু-চলিতভাষার রূপান্তর-বিষয়ক **প্রশ্ন**গুলির সঠিক উত্তর নির্বাচন করো। **যে-কোনো চারটি**।

**4 × 1 = 4**

(I) তাহাকে আর একটা ঘরে আটকাইয়া রাখা হইয়াছে। — বাক্যটিকে **চলিত ভাষায়** রূপান্তরিত করলে হবে

(a) তাকে আর একটা ঘরে আটকিয়ে রাখা হইছে।

(b) তাকে আর একটা ঘরে আটকে রাখা হইয়াছে।

(c) তাকে আর একটা ঘরে আটকে রাখা হয়েছে।

(d) তাকে আর একটা ঘরে আটকায়ে রাখা হয়েছে।

(II) আমি চুপ করে রইলাম। — বাক্যটিকে **সাধু ভাষায়** রূপান্তরিত করলে হবে

(a) আমি চুপ করিয়া রইলাম।

(b) আমি চুপ করিয়া রহিলাম।

(c) আমি চুপ করে রহিলাম।

(d) আমি চুপ করে রলাম।

(III) এই সময় সবাই বেড়াতে বেরোয়। — এখানে 'বেরোয়' ক্রিয়াপদটির **সাধু রূপ** কী হবে ?

(a) বাইরায় (b) বাহিরায়

(c) বের হয় (d) বাহির হয়

(IV) ভাবিয়া-চিন্তিয়া কাজ করিও। — বাক্যটির **চলিত রূপ** কী হবে ?

(a) ভেবে-চিন্তে কাজ কোরো।

(b) ভাবিয়ে-চিন্তিয়ে কাজ কোরো।

(c) ভেরে-চিন্তিয়ে কাজ কোরো।

(d) ভাবিয়ে-চিন্তে কাজ কোরো।

(V) আমি ওকে সাইকেল চালানো **শিখিয়ে দিচ্ছিলাম**। — বাক্যটিকে **সাধু ভাষায়** রূপান্তরিত করতে হলে 'শিখিয়ে দিচ্ছিলাম' কথাটির রূপ কী হবে ?

(a) শিখিয়া দিচ্ছিলাম (b) শিখিয়া দিতেছিলেম

(c) শিখাইয়া দিতেছিলাম (d) শিখায়ে দিতেছিলাম

## SECTION – C

### (Main Course Book & Supplementary Reader)

5. পাঠ্য গল্প থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো। **যে-কোনো পাঁচটি**। $5 \times 1 = 5$

(I) অবিনাশবাবু আলোবাবুকে থাকতে দিয়েছিলেন -

(a) বিপদে পড়ে (b) লোভে পড়ে

(c) বিরক্ত হয়ে (d) দয়া করে

(II) আলোবাবু হাসপাতালে কীসের কাজ পেয়েছিলেন ?

(a) ল্যাবরেটরি সামলানোর (b) ওষুধ-পত্র সামলানোর

(c) রোগীদের ঘা ধোয়ানোর (d) রোগীদের পথ্য খাওয়ানোর

(III) তপন তার নতুন মেসোকে দেখে প্রথমে অবাক হয়েছিল।

কারণ (ক) : নতুন মেসো ছোটো মামাদের মতোই খবরের কাগজের কথা নিয়ে গল্প ও তর্ক করেন।

কারণ (খ) : নতুন মেসো একেবারে নিছক মানুষ।

(a) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল

(b) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক

(c) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(d) কারণ (ক) ভুল, কি (খ) ঠিক

(IV) মেজোকাকু বললেন, "তা ওরকম একটি লেখক মেসো থাকা মন্দ নয়। আমাদের থাকলে আমরাও চেষ্টা করে দেখতাম।" — উক্তিটির মধ্যে কী মিশে ছিল ?

(a) ব্যঙ্গ (b) দুঃখ

(c) করুণা (d) আক্ষেপ

(V) 'খুবই গরিব মানুষ হরিদা।'

কারণ (ক) : শহরের সবচেয়ে সরু গলির একটা ছোট্ট ঘরে থাকেন হরিদা।

কারণ (খ) : একঘেয়ে কাজ করতে হরিদার ভয়ানক আপত্তি।

(a) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক

(b) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(c) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক

(d) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল

(VI) মাস্টারমশাই হরিদাকে তারিফ করেছিলেন কেন ?

(a) মাত্র আট আনা ঘুষ নিয়েছিল বলে

(b) চমৎকার পুলিশ সেজেছিল বলে

(c) ছাত্রদের শিক্ষা দিয়েছিল বলে

(d) ছাত্রদের ক্ষমা করেছিল বলে

(VII) ‘জ্ঞানচক্ষু’ গল্পে প্রধানত কী দেখানো হয়েছে ?

(a) নবীনদের প্রতি প্রবীণদের সংবেদনশীলতার অভাব

(b) নবীনদের প্রতি প্রবীণদের গভীর সংবেদনশীলতা

(c) পাঠকদের প্রতি লেখকদের আস্থার অভাব

(d) পাঠকদের প্রতি লেখকদের গভীর আস্থা

(VIII) হরিদা জগদীশবাবুর বাড়িতে খেলা দেখাতে যাবেন বলে ঠিক করেছিলেন কেন ?

(a) নিজের দারিদ্র্য ঘোচাতে

(b) জগদীশবাবুকে বোকা বানাতে

(c) অভিনেতা আর প্রতারকের মধ্যে পার্থক্য প্রমাণ করতে

(d) অভিনেতা আর প্রতারকের মধ্যে মিল প্রমাণ করতে

6. সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো । **যে-কোনো পাঁচটি** । **$5 \times 1 = 5$**

(I) ‘শিলাদিত্য’ কাহিনিটির সর্বপ্রধান চরিত্র কে ?

(a) সূর্যপুরোহিত (b) সুভাগা

(c) গায়েব (d) গায়েবি

(II) সুভাগা সূর্যদেবের কাছে নিজের মৃত্যু চেয়েও পাননি ।

কারণ (ক) : সূর্যদেব সুভাগাকে বর দিতে চেয়েছিলেন ।

কারণ (খ) : দেবতার অভিশাপে মৃত্যু হয় ।

(a) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক

(b) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(c) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল

(d) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক

(III) সুভাগার শ্বশুরবাড়ির লোকেরা ছিল -

(a) সহানুভূতিশীল (b) নিষ্ঠুর প্রকৃতির

(c) উদার স্বভাবের (d) ন্যায়পরায়ণ

(IV) শিলাদিত্যের অকাল-মৃত্যুর কারণ -

(a) মন্ত্রীর বিশ্বাসঘাতকতা

(b) মন্ত্রীর অপটুতা

(c) সেনাবাহিনীর দুর্বলতা

(d) সেনাবাহিনীর বিশ্বাসঘাতকতা

(V) গোহের লেখাপড়ায় মন বসত না।

কারণ (ক) : গোহ লেখাপড়ার উপযুক্ত পরিবেশ পেত না।

কারণ (খ) : গোহ শিষ্ট, শান্ত, নিরীহ জীবন পছন্দ করত না।

(a) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক

(b) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল

(c) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(d) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক

(VI) মাণ্ডলিকের ভাই কত বছর বয়সে মারা গিয়েছিল ?

(a) আঠারো বছর

(b) কুড়ি বছর

(c) বাইশ বছর

(d) চব্বিশ বছর

(VII) বুড়ো মাণ্ডলিকের চরিত্র সম্পর্কে কোন কথাটি ঠিক ? – মাণ্ডলিক ছিলেন

(a) ধূর্ত, স্বার্থপর এবং আদর্শহীন।

(b) নির্মম, অহংকারী কিন্তু আদর্শবান।

(c) সৎ, বিশ্বাসী এবং আবেগপ্রবণ।

(d) কুটিল, স্বার্থপর কিন্তু আবেগপ্রবণ।

## PART – B : DESCRIPTIVE TYPE QUESTION (40 marks)

### SECTION – B1

### (Supplimentary Reader)

### (Non Detailed Text)

7. 'কথাটা শুনে তপনের চোখ মার্বেল হয়ে গেল।' – তপন কী শুনল ? শুনে চোখ মার্বেল হয়ে গেল কেন ? **2**

8. "আপনি কী ভগবানের চেয়েও বড়ো ?" – কে, কাকে বলেছিলেন ? কেন বলেছিলেন ? **2**

9. "আমাকে দূর করে দিলে।" – কাকে, কোথা থেকে দূর করে দিলে ? কেন দূর করে দিলে ? **3**

10. "না রে ভাই, বড়ো মানুষের কাণ্ডের খবর আমি কী করে শুনব ?" – বড়ো মানুষটি কে ? তিনি কী কাণ্ড করেছিলেন ? **3**

**অথবা**

'তপন ছাতে উঠে গিয়ে শার্টের তলাটা তুলে চোখ মোছে।' – কখন ? কেন ?

11. সূত্র ও প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা লেখো। **5**

'বনভূমির ওপারে কোন মনোভূমির দ'য়,
ফুসুর ফাসুর ঘুসুর ঘাসুর স্বপ্নে কথা হয় !'

**অথবা**

'আমাদের ইতিহাস নেই
অথবা এমনই ইতিহাস'

12. 'জগৎজোড়া সুখ
আর দুনিয়া জুড়ে শান্তির জন্যে
একাসনে।
একাকারে প্রার্থনা করছেন।' **2 + 3 = 5**
   (a) কারা প্রার্থনা করছেন ?
   (b) 'একাকারে' কথাটির মাধ্যমে কবি কী বোঝাতে চান, বুঝিয়ে দাও।

13. 'বোধ হল যেন শীতের ভয়ে একটি সন্ধ্যাতারা সূর্যমন্দিরে আশ্রয় চায়।' **2 + 3 = 5**
   (a) কে, কোন মাসে, কোন সময়, কার কাছে এসে আশ্রয় চেয়েছিলেন ?
   (b) তাঁর পূর্ব-পরিচয় দাও এবং এখানে আশ্রয় নিতে আসার কারণ জানাও।

14. 'গোহ সেই বীরনগরে কমলাবতীর ঘরে মানুষ হতে লাগলেন।' **2 + 3 = 5**
   (a) বীরনগর কোথায় ? কমলাবতী কে ?
   (b) কমলাবতীর চরিত্রের যে-কোনো তিনটি বৈশিষ্ট্য উল্লেখ করে বুঝিয়ে দাও।

## SECTION – B2

## (Creative Writing)

15. যে-কোনো **একটি** বিষয় অবলম্বন করে অনুচ্ছেদ রচনা করো। **5**

(a) আমার জীবনের একটি স্মরণীয় দিন

(b) শিক্ষার অধিকার সবার থাকা উচিত কেন

16. তুমি রবি বা রুবিনা আসানসোলে থাকো। তোমার বন্ধু রিয়াজ বা রিয়া দিল্লিতে থাকে। তোমরা তোমাদের স্কুলে স্বাধীনতার ৭৫তম বর্ষ কীভাবে উদ্‌যাপন করলে জানিয়ে এবং এই ব্যাপারে ওদের স্কুলের খবর জানতে চেয়ে সেই বন্ধুকে একটি চিঠি লেখো। **5**

**অথবা**

তুমি সমু বা সোমা। কলকাতায় হস্টেলে থেকে পড়াশোনা করছ। হস্টেলের পরিবেশ, খাবার-দাবার, নিরাপত্তা-ব্যবস্থা ইত্যাদির কথা জানিয়ে মাকে নিশ্চিন্ত করে জয়পুরে বাড়িতে একটি চিঠি লেখো।